

গত ১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. সংস্থা প্রধানদের সাথে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অংশের বাস্তবায়নের হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন।

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
০১.	গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কিনা তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হ'ল।	প্রশাসন-০২ শাখা, পাসম।	
০২.	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।	
০৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	সভায় জানানো হয় যে, বর্তমান হালনাগাদ তালিকা অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প ৫০টি। এ ৫০টি প্রকল্পের ইতোমধ্যে ৪০টি প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং বাস্তবায়নাধীন ৭টি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ আওতায় “ভৈরব রিভার বেসিন এলাকার জলাবদ্ধতা দূরীকরণ ও টেকসই পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প” সমাপ্ত হয়েছে মর্মে প্রধান প্রকৌশলী, মনিটরিং বাপাউবো সভায় অবহিত করেন। ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ প্রতিশ্রুত প্রকল্প ২টি। সমীক্ষা সমাপ্তির পর ডিপিপি প্রণীত হবে এরূপ প্রতিশ্রুতি ১টি। সভায় বাস্তবায়নাধীন এবং ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন থাকা প্রকল্পসমূহ নিয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রতিমাসে অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।	মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রতিমাসে অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিমাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উন্নয়ন উইং, পাসম ও বাপাউবো।	সচিব, পাসম এর সভাপতিত্বে গত ২৫.০৯.২০২৩খ্রিঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে পাসমতে দাখিল করা হচ্ছে।
০৪.	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা।	সভায় জানানো হয় যে, পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর মোট ২২টি নির্দেশনা রয়েছে এবং এই নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি করার প্রচেষ্টা অব্যাহত আছে। সভায় বাস্তবায়নাধীন নির্দেশনাসমূহের তথ্য বিস্তারিতভাবে উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।	মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রতিমাসে অগ্রগতি পর্যালোচনা সভা করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিমাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উন্নয়ন উইং, পরি কল্পনা উইং, পাসম ও বাপাউবো।	সচিব, পাসম এর সভাপতিত্বে গত ২৫.০৯.২০২৩খ্রিঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে পাসমতে দাখিল করা হচ্ছে।

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
০৫.	জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি	সভায় জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ এবং ২০১৮-২২ এর অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।	জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ এবং ২০১৮-২২ এর অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিবীক্ষণ ও বাস্তবায়ন।	
০৬.	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	সভায় জানানো হয় যে, ক) ২০২২-২৩ সালের এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। খ) সভায় এপিএ অর্জন শতভাগ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সকল তথ্য যথাসময়ে আপলোড এবং গতবারে অবস্থান থেকে এবারের অবস্থানে যেন উন্নতি হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। গ) সভায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর ও সংস্থাসমূহের প্রমাণক সমূহ ৩১ অক্টোবর ২০২৩ এর মধ্যে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। ঘ) সভায় ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে এপিএ সংশোধন করতে হবে এ বিষয়ে সকল সংস্থাকে ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ঙ) সভায় ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে এপিএ সংশোধনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করতে হবে। খ) গতবারে অবস্থান থেকে এবারের অবস্থানে যেন উন্নতি হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। গ) এপিএ ২০২৩-২৪ এ প্রকল্প পরিদর্শন, সুপারিশ বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রভৃতি সূচকসমূহ অন্তর্ভুক্ত করতে হবে। ঘ) মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর ও সংস্থাসমূহের প্রমাণকসমূহ ৩১ অক্টোবর ২০২৩ এর মধ্যে আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঙ) ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে এপিএ সংশোধন করতে হবে এবং সে মোতাবেক প্রমাণক সংযুক্ত করতে হবে।	ক) প্রোগ্রামার, পাসম ও সংশ্লিষ্ট সংস্থা। খ) বাপাউবো ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা, পাসম। গ) বাপাউবো ও পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা, পাসম।	ক) ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বাপাউবো'র কার্যক্রম চলমান রয়েছে। ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে পাসমতে প্রেরণ করা হবে। খ) বাপাউবো'র মাঠ দপ্তরের সহিত সমন্বয়ের মাধ্যমে ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হওয়ায় গতবারের অবস্থান থেকে এবারের অবস্থান উন্নীত হবে মর্মে আশা করা যায়। এছাড়াও, সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলে ২০২৩-২৪ অর্থ-বছরের সকল কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। গ) মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত নির্দেশিকা মোতাবেক বাপাউবো'র ২০২৩-২৪ অর্থ-বছরের চূড়ান্ত এপিএ প্রনয়ন করা হয়েছে। চূড়ান্ত এপিএ-তে প্রকল্প পরিদর্শন, সুপারিশ বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ প্রভৃতি সূচকসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে (সংযুক্তি-১)। ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত অর্জন ও প্রমাণক বিগত ০৬/০৭/২০২৩ তারিখে পাসমতে দাখিল করা হয়েছে। পরবর্তীতে, গত ০৯/০৭/২০২৩ তারিখে সচিব, পাসম এর সভাপতিত্বে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত অর্জন মূল্যায়ন ও প্রমাণক বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গত ১৩/০৭/২০২৩ তারিখে এপিএএমএস সফটওয়্যারে

৫

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি												
১	২	৩	৪	৫	৬												
					প্রমাণকসমূহ আপলোডের মাধ্যমে বাপাউবো'র এপিএ ২০২২-২৩ এর চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে। (ঙ) বাপাউবো'র ২০২৩-২৪ অর্থ-বছরের এপিএ সংশোধনী প্রস্তাব গত ২৬/০৯/২০২৩ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-২)।												
০৭.	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য আইসিটি বিষয়ক কর্মক্রম।	(ক) পানি সম্পদ মন্ত্রণালয়ে ০১ জুন থেকে ৩০ জুন, ২০২৩ সময়ে ই-নথিতে নোট নিষ্পত্তির হার প্রশাসন-১ শাখা ৯৭ %, প্রশাসন-২ শাখা ৯৬.৩৬%, প্রশাসন-৩ শাখা ৯৫.৭৪%, উন্নয়ন-১ শাখা ১০০%, উন্নয়ন-২ শাখা ১০০%, উন্নয়ন-৩ শাখা ১০০%, উন্নয়ন-৪ শাখা ১০০%, উন্নয়ন-৫ শাখা ৯১.৩%, পরিকল্পনা-১ শাখা ১০০%, পরিকল্পনা-২ শাখা ১০০%, পরিকল্পনা-৩ শাখা ১০০%, পরিকল্পনা-৪ শাখা ১০০%, পরিকল্পনা-৫ শাখা ১০০%, পরিকল্পনা-৬ শাখা ১০০%, রিফর্ম ম্যানেজেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা ১০০%, পরিবিক্ষণ ও বাস্তবায়ন-১ শাখা ১০০%, আইসিটি শাখা ১০০%, আইন শাখা ১০০%, বাজেট শাখা ১০০%। এ মন্ত্রণালয়ে ই-নথিতে গড় নোট নিষ্পত্তির হার ৯৯.০২%। (খ) সভায় সংস্থাসমূহের মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদের রিপোর্ট প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। (গ) সভায় সকল সংস্থায় অফিসিয়াল Facebook Page চালু এবং Viewers বাড়ানো উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। প্রচারনা ও প্রকাশনা খাত হতে অর্থ সংস্থানের মাধ্যমে Facebook Viewers বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। প্রতিমাসে কত Viewers বেড়েছে তার তথ্য দিতে হবে। (ঘ) Facebook Page এ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণপূর্বক শুধু অফিসিয়াল কার্যক্রম প্রচারের নির্দেশনা প্রদান করা হয়। কোন ধরনের ব্যক্তিগত বিষয় Facebook Page এ প্রকাশ করা যাবে না। (ঙ) সভায় জানানো হয়ে যে, মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগণের দপ্তরসমূহের তথ্য বাতায়ন Update নেই। আগামী সমন্বয় সভার পূর্বে মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করা যাবে। (খ) সমন্বয় সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার ই-নথিতে নিষ্পন্নকৃত কার্যক্রমের তথ্য উপস্থাপন করতে হবে। পূর্ববর্তী মাসের সাথে চলমান মাসের ই-ফাইলিং কার্যক্রমের তুলনামূলক তথ্য উপস্থাপন করতে হবে। (গ) সকল সংস্থায় অফিসিয়াল Facebook Page চালু এবং Viewers বাড়ানো উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রচারনা ও প্রকাশনা খাত হতে অর্থ সংস্থানের মাধ্যমে Facebook Viewers বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিমাসে কত Viewers বেড়েছে তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে। (ঘ) Facebook Page এ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণপূর্বক শুধু অফিসিয়াল কার্যক্রম প্রচার করতে হবে। কোন ধরনের ব্যক্তিগত বিষয় Facebook Page এ প্রকাশ করা যাবে না। Whatsapp গ্রুপ এ সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত থেকে নিয়মিত	সকল সংস্থা প্রধান/সকল অধিশাখা/শাখা, এবং আইসিটি শাখা, পাসম।	(ক) বাপাউবো'র প্রধান কার্যালয়ের সকল দপ্তরে ডি-নথি ব্যবহার চালু হয়েছে। ডি-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করা হচ্ছে। এছাড়া উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট জোনের সকল সকল দপ্তরসহ মাঠ পর্যায়ে ৪৫ টি জেলা অফিস ও ১৫টি সার্কেল অফিসে ডি-নথি ব্যবহার চালু হয়েছে। বাপাউবো'র প্রধান কার্যালয়ে জুন/২০২৩ মাসে ২১১ জনকে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়েছে। (খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে <table><tr><td></td><td>তৈরিকৃত নথির সংখ্যা</td><td>মোট নথি নিষ্পত্তি কৃত</td><td>মোট পত্রজারি</td></tr><tr><td>সেপ্টেম্বর-২০২৩</td><td>৩৪৯</td><td>৫৪৭</td><td>৫৪৯</td></tr><tr><td>আগস্ট-২০২৩</td><td>২৫০</td><td>৫৩২</td><td>৫১২</td></tr></table> ডি-নথিতে নিষ্পন্নকৃত কার্যক্রমের তথ্যাদি অত্রসাথ সংযুক্তি আকারে প্রেরণ করা হলো (সংযুক্তি-৩)। (গ) বাপাউবোতে অফিসিয়াল Varified Facebook Page (www.facebook.com/bwdb.gov.bd) চালু আছে এবং View বাড়ানোর জন্য উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সে মোতাবেক Follower সংখ্যা নিম্নরূপ		তৈরিকৃত নথির সংখ্যা	মোট নথি নিষ্পত্তি কৃত	মোট পত্রজারি	সেপ্টেম্বর-২০২৩	৩৪৯	৫৪৭	৫৪৯	আগস্ট-২০২৩	২৫০	৫৩২	৫১২
	তৈরিকৃত নথির সংখ্যা	মোট নথি নিষ্পত্তি কৃত	মোট পত্রজারি														
সেপ্টেম্বর-২০২৩	৩৪৯	৫৪৭	৫৪৯														
আগস্ট-২০২৩	২৫০	৫৩২	৫১২														

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি						
১	২	৩	৪	৫	৬						
			মনিটরিং করতে হবে। (ঙ) আগামী সমন্বয় সভার পূর্বে মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদ করে সংস্থাসমূহকে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।		<table><tr><th>মাস</th><th>Follower সংখ্যা</th></tr><tr><td>৩১ আগস্ট-২০২৩</td><td>২২৫৩৫</td></tr><tr><td>৩০ সেপ্টেম্বর-২০২৩</td><td>২৩৯২৩</td></tr></table> (ঘ) বাপাউবো’র মাঠপর্যায়ের দপ্তরসমূহের তথ্য বাতায়ন হালনাগাদের রিপোর্ট মাঠ পর্যায় থেকে সংগ্রহ করে প্রতি তিন মাস অন্তর মন্ত্রণালয়ে রিপোর্ট প্রেরণ করা হচ্ছে। (ঙ) বাপাউবো’র ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে ও ওয়েবসাইট হালনাগাদকরণের ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।	মাস	Follower সংখ্যা	৩১ আগস্ট-২০২৩	২২৫৩৫	৩০ সেপ্টেম্বর-২০২৩	২৩৯২৩
মাস	Follower সংখ্যা										
৩১ আগস্ট-২০২৩	২২৫৩৫										
৩০ সেপ্টেম্বর-২০২৩	২৩৯২৩										
০৮.	সংস্থাসমূহের শূন্য পদ সংক্রান্ত তথ্য, শূন্য পদ পূরণ ও মাসিক সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ।	সভায় সংস্থাসমূহে পদভিত্তিক শূন্য পদ ও শূন্য পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় সংস্থাভিত্তিক শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রমের তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও ছাড়পত্রের মেয়াদের মধ্যে শূন্যপদ পূরণের কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। (খ) সভায় এপিএ এর মধ্যে শূন্য পদ পূরণের লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্তির নির্দেশনা প্রদান করা হয়। (গ) সভায় সংস্থাসমূহের মাসিক সভা নিয়মিতভাবে করে তার কার্যবিবরণী পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সভায় ০৬(ছয়) মাসের মধ্যে আসন্ন শূন্য পদসমূহ ধরে ছাড়পত্র গ্রহণপূর্বক স্বচ্ছতার ভিত্তিতে শূন্য পদসমূহ দ্রুত পূরনের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। (ঙ) সভায় সভাপতি মহোদয় পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থা প্রধানদেরকে ৯ম ও ১০ম গ্রেডের নিয়োগের লিখিত পরীক্ষা অধিকতর স্বচ্ছতার জন্য আউটসোর্সিং এর মাধ্যমে পরীক্ষা গ্রহণের জন্য বলেন।	(ক) সংস্থাসমূহের শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম অগ্রগতির তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন (ছাড়পত্র গ্রহণ, লিখিত পরীক্ষা গ্রহণ, মৌখিক পরীক্ষা গ্রহণ, যোগদানপত্র ইস্যু ইত্যাদি) প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। (খ) এপিএ এর মধ্যে শূন্য পদ পূরণের লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করতে হবে। (গ) সংস্থাসমূহের মাসিক সভা নিয়মিতভাবে করে তার কার্যবিবরণী পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। (ঘ) ০৬(ছয়) মাসের মধ্যে আসন্ন শূন্য পদসমূহ ধরে ছাড়পত্র গ্রহণপূর্বক স্বচ্ছতার ভিত্তিতে শূন্য পদসমূহ দ্রুত পূরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থা প্রধানগণ ৯ম ও ১০ম গ্রেডের নিয়োগের লিখিত পরীক্ষা আউটসোর্সিং এর মাধ্যমে গ্রহণ করে এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন।	প্রশাসন-২ শাখা ও সকল সংস্থা।	ক) বাপাউবো’তে শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রমের বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হতে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ- জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ১০% সংরক্ষণপূর্বক সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের সংখ্যা- ১০২৪ টি। তন্মধ্যে ০৮টি ক্যাটাগরীর ৭০৭ টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। ০৬ টি ক্যাটাগরীর ৬৮ টি পদে প্রাথমিক নিয়োগাদেশ জারী করা হয়েছে এবং পুলিশ ভেরিফিকেশন প্রক্রিয়াধীন রয়েছে। ছাড়পত্র গ্রহণপূর্বক সরাসরি নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে, এরূপ পদসংখ্যা-২৪৯ টি। উল্লেখ্য ০১/০১/২০২২ খ্রিঃ হতে অদ্যবধি ১৭ ক্যাটাগরীতে নিয়োগকৃত পদের সংখ্যা ১৫৪ টি। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হতে এ বিষয়ে প্রাপ্ত প্রতিবেদনটি সংযুক্ত করা হলো (সংযুক্তি-৪)। (খ) এপিএ এর মধ্যে শূন্য পদ পূরণের লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করা হয়েছে।						

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
					(ঘ) আসন্ন শূন্য পদসমূহ ধরে ইতোমধ্যে সহকারী প্রকৌশলী (পুর) পদের ছাড়পত্র পাওয়া গেছে। পর্যায়ক্রমে অন্যান্য শূন্য পদের জন্য ছাড়পত্র চাওয়া হচ্ছে। (ঙ) ৯ম ও ১০ম গ্রেডের নিয়োগের লিখিত পরীক্ষা আউটসোর্সিং এর মাধ্যমে গ্রহণের লক্ষ্যে একক দর দাখিলের জন্য ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কে পত্র প্রেরণ করা হয়েছে। বুয়েট কর্তৃপক্ষকে এ সংক্রান্ত চাহিত তথ্য সংযোজন করে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখিত প্রতিষ্ঠান হতে একক দর পাওয়ার পর আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ করার নিমিত্ত বরাদ্দের প্রস্তাব প্রেরণ করা হবে।
০৯.	মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিষ্পন্ন বিষয়াদি।	সভায় মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যাবলি থাকলে সে সংক্রান্ত অনিষ্পন্ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের ০১ (এক) মাসের বেশি অনিষ্পন্ন থাকা কার্যক্রমকে পেন্ডিং হিসেবে গণ্য করে তা কোন অধিশাখায়/শাখায় পেন্ডিং রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সকল সংস্থা।	মন্ত্রণালয়ের নিকট বাপাউবো'র কোন অনিষ্পন্ন বিষয় নেই।
১০.	সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়াদি।	(ক) সভায় সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন কার্যাবলি থাকলে সে সংক্রান্ত অনিষ্পন্ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। (খ) সভায় নদী গবেষণা ইনস্টিটিউট এর সাবেক মহাপরিচালক জনাব মোঃ লুৎফর রহমান এর খোরপোষ ভাতা প্রদানের বিষয়টি বিধিমোতাবেক সমাধান করার নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের ০১ (এক) মাসের বেশি অনিষ্পন্ন থাকা কার্যক্রমকে পেন্ডিং হিসেবে গণ্য করে তা কোন দপ্তরে পেন্ডিং রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। (খ) নদী গবেষণা ইনস্টিটিউট এর সাবেক মহাপরিচালক জনাব মোঃ লুৎফর রহমান এর খোরপোষ ভাতা প্রদানের বিষয়টি বিধিমোতাবেক সমাধান করতে হবে।	সকল অধিশাখা/শাখা, পাসম।	

৪৮

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
১১.	হাওড় অঞ্চল সুরক্ষা	(ক) সভায় জানানো হয় যে, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পুরো হাওড় অঞ্চলকে একটি সমন্বিত Database তৈরীর কাজ আগামী ১৫ অক্টোবরের মধ্যে শেষ করার নির্দেশনা প্রদান করা হয়। (খ) সভায় জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করে অপরিবর্তিত বালু উত্তোলন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় এবং কোথাও বালু উত্তোলনের ফলে নদী তীর হমকির সম্মুখীন হলে তা প্রতিবেদন আকারে জেলা প্রশাসক ও মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।	(ক) আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পুরো হাওড় অঞ্চলকে একটি সমন্বিত Database তৈরীর কাজ আগামী ১৫ অক্টোবরের মধ্যে শেষ করতে হবে। (খ) জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করে অপরিবর্তিত বালু উত্তোলন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় এবং কোথাও বালু উত্তোলনের ফলে নদী তীর হমকির সম্মুখীন হলে সে বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করতে হবে এবং প্রয়োজনে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	বাপাউবো ও বাহাওজউআ।	(ক) ২০২২-২০২৩ অর্থবছরে পরিচালন ব্যয় খাতের আওতায় “বাপাউবো”র সমাপ্ত প্রকল্পের মেরামতযোগ্য বাঁধের এবং হাওড়ের ডুবন্ত বাঁধের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেজ তৈরির লক্ষ্যে সফটওয়্যার তৈরির কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন হাওড় সমূহের তথ্য সংরক্ষণ করা হয়েছে। আগামী ডিসেম্বর/২০২৩ এ সফটওয়্যার তৈরির কাজ সমাপ্তকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। (খ) জেলা প্রশাসন ও নৌ পুলিশের সহায়তায় সারা দেশের নদীসমূহ হতে অপরিবর্তিত ও অবৈধ বালু উত্তোলন বন্ধ করার বিষয়ে মাঠপর্যায়ে সমন্বিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদানসহ এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য মাঠদপ্তরসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মাঠদপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদনটি সংযুক্ত করা হলো (সংযুক্তি-৫)।
১২.	উন্নয়ন প্রকল্প ও আপদকালীন কার্যক্রম পরিদর্শন।	সভায় প্রকল্প পরিদর্শন সংক্রান্ত বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। সভায় সকল প্রকল্প সাইটে রেজিস্টার সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) জেলাভিত্তিক যে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলার চলমান ও সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ পরিদর্শন করেননি তারা দ্রুত পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। (খ) সকল প্রকল্প সাইটে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। (গ) প্রকল্প পরিদর্শন সংক্রান্ত তথ্য MS Excel ডাটা সিটে তথ্য আপলোড করতে হবে। (ঘ) পরিদর্শনকারী কর্মকর্তাগণ আলাদাভাবে আপদকালীন কাজ পরিদর্শনের প্রতিবেদন নির্দেশনা অনুযায়ী দ্রুত দাখিল করবেন। (ঙ) বাপাউবোর উর্দ্ধতন কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ের সকল প্রকল্পসহ অফিস পরিদর্শন করে মহাপরিচালক বাপাউবোর নিকট প্রতিবেদন দাখিল	(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা এবং (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা) মহাপরিচালক, বাপাউবো। (গ) বাজেট শাখা, পাসম ও মহাপরিচালক, বাপাউবো। (ঘ) বাজেট শাখা, পাসম ও মহাপরিচালক, বাপাউবো। (ঙ) পরিবীক্ষণ ও বাস্তবায়ন এবং মহাপরিচালক, বাপাউবো।	(খ) সকল প্রকল্প সাইটে রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে। (ঙ) বাপাউবোর উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের প্রকল্পসহ অফিস পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। বাপাউবো’র উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পসহ অফিস পরিদর্শনের প্রতিবেদন মহাপরিচালক, বাপাউবো বরাবর প্রেরণের পাশাপাশি প্রতিবেদনের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।



ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
			অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদনের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।		
১৩.	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বাপাউবোর মাঠ পর্যায়ে অফিস ক্যাম্পাসের অব্যবহৃত জমির ব্যবহার	(ক) সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বাপাউবোর মাঠ পর্যায়ে অফিস ক্যাম্পাসের অব্যবহৃত জমি যাতে অনাবাদী না থাকে সেজন্য অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনের নির্দেশনা প্রদান করা হয়। অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ০৩ (তিন) জনকে পুরস্কার প্রদান করা হবে মর্মে আলোচনা হয়। এছাড়া সভায় পরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ে বৃক্ষরোপণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে নিয়মিতভাবে মাঠপর্যায়ে মনিটরিং চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়। প্রতি সমন্বয় সভায় অব্যবহৃত জমির তথ্য নির্ধারিত ছক মোতাবেক উপস্থাপন করতে হবে: (খ) বিগত ৩০/০৭/২০২৩ তারিখ পূর্বাচলের মাস্তুলে বৃক্ষরোপণ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন এবং উদ্বোধন করা হয়েছে এবং একই দিনে ৬৪ জেলাও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। সারা দেশে এবছর ১০(দশ) লক্ষ বৃক্ষরোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বাপাউবোর মাঠ পর্যায়ে অফিস ক্যাম্পাসে অব্যবহৃত জমি যাতে অনাবাদী না থাকে সেজন্য অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপন করতে হবে। অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ০৩ (তিন) জনকে পুরস্কৃত করার জন্য পানি উন্নয়ন বোর্ড হতে প্রাপ্ত ০৯(নয়) জনের সংক্ষিপ্ত তালিকার তথ্য/ভিডিও যাচাই বাছাই করে মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটিকে প্রতিবেদন দিতে হবে। প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করতে হবে। (খ) পরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ে দ্রুত ১০(দশ) লক্ষ বৃক্ষরোপণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা। মহাপরিচালক, বাপাউবো।	(ক) অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ০৩ (তিন) জনকে পুরস্কার প্রদান করতে হবে। পুরস্কার প্রদানের নিমিত্ত ০৯ (নয়) জনের একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করে গত ২৫.০৭.২০২৩খ্রিঃ পাসমতে দাখিল করা হয়েছে (সংযুক্তি-৬)। (খ) গত ৩০.০৭.২০২৩খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় মাননীয় প্রতিমন্ত্রী, পাসম মহোদয় কর্তৃক পূর্বাচলের মাস্তুলে বৃক্ষরোপণ কার্যক্রম উদ্বোধন করেছেন এবং ঐ একই দিন সারাদেশে একযোগে ১০ (দশ) লক্ষ বৃক্ষরোপণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে এবং বাপাউবো'র মাঠদপ্তরসমূহে বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এ সম্পর্কিত অগ্রগতি প্রতিবেদনটি অত্রসাথ দাখিল করা হলো (সংযুক্তি-৭)।
১৪.	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র এবং নদী গবেষণা ইনিস্টিটিউটের অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণ।	(ক) সভায় যেসব জেলায়/এলাকায় বাসা ভাড়া বেশি এবং বাপাউবো'র কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি বাসায় উঠতে আগ্রহী সেসকল এলাকা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রণয়ন এবং প্রকল্পটির ডিপিপি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। (খ) সভায় পর্যটন এলাকায় পানি উন্নয়ন বোর্ডের রেন্ট হাউসগুলো আধুকায়ন এবং ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশনা প্রদান করা হয়। (গ) সভায় রেন্ট হাউসগুলোর ভাড়া পুনঃনির্ধারণ করে দ্রুত মন্ত্রণালয়-কে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর বেদখলকৃত Rest House ভবন এর তালিকা এবং কারা দখল করেছে, কবে থেকে	(ক) যেসব জেলায়/এলাকায় বাসা ভাড়া বেশি এবং বাপাউবো'র কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি বাসায় উঠতে আগ্রহী সেসকল এলাকা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রণয়ন এবং প্রকল্পটির ডিপিপি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) পর্যটন এলাকাসহ পানি উন্নয়ন বোর্ডের রেন্ট হাউসগুলো আধুকায়ন এবং ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাপাউবো, পরিকল্পনা উইং, পাসম।	(ক) সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী নির্মাণযোগ্য আবাসিক/প্রশাসনিক ভবনসমূহ নির্ধারণপূর্বক তালিকা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-৮)। এ বিষয়ে গত ২২.০৬.২০২৩খ্রিঃ এবং ২৭.০৬.২০২৩খ্রিঃ পানি ভবনে কমিটির সদস্যবৃন্দের সভা অনুষ্ঠিত হয়েছে। কমিটি কর্তৃক ২০.০৮.২০২৩ খ্রিঃ তারিখে প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রনয়নাধীন আছে। শীঘ্রই মন্ত্রণালয়ে দাখিল করা হবে। (ঘ) মাঠ দপ্তর থেকে প্রাপ্ত হালনাগাদ তথ্য অনুযায়ী সাতক্ষীরা, খুলনা, কক্সবাজার ও জয়পুরহাট জেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর Rest House

৮

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
		দখল করা হয়েছে তার বিস্তারিত তালিকা এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। (ঙ) সভায় নদী গবেষণা ইনিষ্টিটিউটের ক্যাম্পাসে অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণের জন্য একটি প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	(গ) পানি উন্নয়ন বোর্ডের রেস্ট হাউজগুলোর ভাড়া পরীক্ষা নিরীক্ষা করে পুনঃনির্ধারণপূর্বক দ্রুত মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে। (ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর বেদখলকৃত Rest House ভবন এর তালিকা এবং কারা দখল করেছে, কবে থেকে দখল করা হয়েছে তার বিস্তারিত তালিকা এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (ঙ) নদী গবেষণা ইনিষ্টিটিউটের ক্যাম্পাসে অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণের জন্য একটি প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।		বেদখলকৃত অবস্থায় রয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্তি-৯)।
১৫.	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ইনডেক্স ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ।	সভার তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ইনডেক্স ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ইনডেক্স ও ক্যাটালগ প্রমাণকসহ হালনাগাদ করতে হবে।	সকল সংস্থা ও প্রশাসন-১ শাখা, প্রশাসন-৩ শাখা, পাসম।	সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩-২৪ অর্থ-বছরের তথ্য অধিকার আইন বাস্তবায়ন বিষয়ক কর্মপরিকল্পনায় তথ্যের ইনডেক্স ও ক্যাটালগ হালনাগাদ সংক্রান্ত কার্যক্রমটি বাদ দেয়া হয়েছে।
১৬.	অডিট	(ক) সভায় মাঠ পর্যায়ের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণ তাদের কর্মকালীন সময় এবং পূর্বতন তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণের সময়ের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। (খ) সভায় জানানো হয় যে, গত মাসে অতিরিক্ত সচিব (প্রশাসন) ঐর সভাপতিত্বে অডিট আপত্তিসমূহ নিয়ে সভা হয়েছে। (গ) বিগত ১০ বছরের অডিট আপত্তির হালনাগাদ তথ্য যাচাই করার বিষয়ে সভায় আলোচনা হয়।	(ক) মাঠ পর্যায়ের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণ তাদের কর্মকালীন সময় এবং পূর্বতন তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণের সময়ের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। (খ) অডিট আপত্তি নিষ্পত্তি ত্বরান্বিত করার জন্য প্রতিমাসে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভা করবেন। (গ) বিগত ১০ বছরের যেসকল অডিট আপত্তি হয়েছে তার হালনাগাদ তথ্য	অডিট শাখা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অডিট আপত্তি সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য ছক আকারে অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্তি-১০)।

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
১৭.	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত।	(ক) সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনাক্রমে (ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ। (খ) যেসব মামলায় সংস্থার সরাসরি দায় নেই সেসব মামলাগুলো আলাদা করার নির্দেশনা দেওয়া হয়; এবং (গ) মামলাসমূহের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন যথারীতি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সভায় জেলাভিত্তিক মামলাসমূহ মনিটরিং নিশ্চিতকরণের জন্য বাপাউবো হতে প্রতি জেলার জন্য ০১(এক) জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের নির্দেশনা প্রদান করা হয়। (ঙ) সভায় জানানো হয় যে, আদালত অবমাননা রয়েছে এমন মামলাগুলো যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে সর্বোচ্চ আপীল করার নির্দেশনা প্রদান করা হয়। (চ) সভায় জমির মালিকানা সংক্রান্ত মামলাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিষ্পত্তি নির্দেশনা প্রদান করা হয়। (ছ) সভায় সরকারি স্বার্থ সংক্রান্ত বিষয়ে আদালত কর্তৃক বিপক্ষে রায় হলে দ্রুত আপীলের ব্যবস্থা করতে হবে। (জ) সভায় মামলায় সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সরকারি স্বার্থ রক্ষায় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে বাস্তবতার নিরিখে বাপাউবো'র আইন বিভাগের জনবল বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়। প্রয়োজনে অন্য দপ্তর হতে সংযুক্তি প্রদান করতে হবে। (ঝ) সভায় Need Based Set-Up এর জনবল পুনঃনির্ধারণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। (ঞ) সভায় সকল মামলার বিষয়গুলো আলাদা করে অগ্রাধিকার নির্ধারণ করে দাখিল করতে হবে। (ট) সভায় একই বিষয়ে নিম্ন ও উচ্চ আদালতে চলমান মামলা রিভিউ অবস্থায় থাকলে আবেদন করে একই আদালতে অর্থাৎ উচ্চ আদালতে শুনানীর জন্য নিয়ে আসার নির্দেশনা প্রদান করা হয়।	(ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মামলাগুলো কোন পর্যায়ের রয়েছে তা জানাতে হবে। (খ) যেসব মামলায় সংস্থার সরাসরি দায় নেই সেসব মামলাগুলো আলাদা করতে হবে। (গ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (ঘ) মামলা সংক্রান্ত ডেটাবেজ সফটওয়্যার তৈরির যাবতীয় কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। (ঙ) জেলাভিত্তিক মামলাসমূহ তদারকি ও মনিটরিং নিশ্চিতকরণের জন্য বাপাউবো হতে প্রতি জেলার জন্য ০১(এক) জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন করতে হবে। (চ) আদালত অবমাননা রয়েছে এমন মামলাগুলো যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। প্রয়োজনে সর্বোচ্চ আদালতে আপীল করতে হবে। (ছ) জমির মালিকানা সংক্রান্ত মামলাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিষ্পত্তি করতে হবে। (জ) মামলায় সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সরকারি স্বার্থ রক্ষায় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে বাস্তবতার নিরিখে বাপাউবো'র আইন বিভাগের জনবল বৃদ্ধি এবং প্রয়োজনে অন্য দপ্তর হতে জনবল সংযুক্তি করতে হবে। (ঝ) Need Based Set-Up এর জনবল পুনঃপরীক্ষা করে জনবলের	মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ, ওয়ারপো, আইন শাখা/ বাজেট শাখা, পাসম।	(ক) আদালতে বিচারাধীন বোর্ডের স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির বিষয়ে যথাযথ পদক্ষেপ গৃহীত হওয়ায় আগস্ট, ২০২৩ মাসে মহামান্য আপীল বিভাগে ১টি ও হাইকোর্ট বিভাগে ০২টি তথা মোট ৩টি মামলা নিষ্পত্তি হয়েছে। তন্মধ্যে ২টি মামলা বোর্ডের পক্ষে এবং ১টি মামলা বোর্ডের বিপক্ষে নিষ্পত্তি হয়। নিষ্পত্তিকৃত মামলা ২টির মধ্যে ১টি মামলা পক্ষে নিষ্পত্তি হওয়ায় ঠিকাদারের জমাকৃত ২,৮৭,৬৬,০০১.৪৭ (দুই কোটি সাতাশ লক্ষ ছিষটি হাজার এক টাকা সাতচল্লিশ পয়সা মাত্র) টাকার পারফরমেন্স গ্যারান্টি নগদায়নপূর্বক বোর্ডের রাজস্ব ব্যাংক হিসাবে জমা প্রদান করা হয়েছে। আগস্ট, ২০২৩ মাসে বোর্ড কর্তৃক মহামান্য আপীল বিভাগে ০১টি সিভিল রিভিউ পিটিশন এবং ৩টি সিভিল পিটিশন ফর লীড টু আপীল (সিপিএলএ) তথা মোট ৪টি মামলা দায়ের করা হয়। আলোচ্য মাসে বোর্ডের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ০১টি, জেলাজজের নিয়ন্ত্রণাধীন আদালতে ৪টি এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রা:) এর আদালতে ১টিসহ মোট ০৬টি মামলা দায়ের করা হয়েছে। সে অনুযায়ী ৩১ আগস্ট, ২০২৩ পর্যন্ত বোর্ডকে বিবাদী/বাদী হিসেবে অন্তর্ভুক্তকৃত আপীল বিভাগে (৩৯-১+৪)= ৪২টি, হাইকোর্ট বিভাগে (৮০১-২+১)= ৮০০টি এবং সারা দেশের নিম্ন আদালতে (৪,১১৮+৫)= ৪,১২৩টি তথা সর্বমোট (৪২+৮০০+৪,১২৩)= ৪,৯৬৫টি মামলা বিচারাধীন রয়েছে। (খ) বোর্ডকে বিবাদী/বাদী হিসেবে অন্তর্ভুক্তকৃত আপীল বিভাগে বিচারাধীন ৪২টি সিপিএলএ/সিভিল আপীল/রিভিউ পিটিশনের সবগুলোতেই বোর্ডের প্রত্যক্ষ দায় বা স্বার্থ রয়েছে এবং হাইকোর্ট বিভাগে বিচারাধীন ৮০০টি মোকদ্দমার মধ্য হতে ১৯টি রিট পিটিশনকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে গঠিত উচ্চ আদালতে চলমান

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
			সুশমবন্টনপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। (এ) সকল মামলার বিষয়গুলো আলাদা করে অগ্রাধিকার নির্ধারণ করে দাখিল করতে হবে। (ট) একই বিষয়ে নিম্ন ও উচ্চ আদালতে চলমান মামলা রিভিউ অবস্থায় থাকলে আবেদন করে একই আদালতে অর্থাৎ উচ্চ আদালতে শুনানীর জন্য নিয়ে আসতে হবে।		সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটি কর্তৃক অতি গুরুত্বপূর্ণ মামলা হিসেবে বাছাই করা হয়েছে। (গ) বোর্ডের স্মারক নম্বর: ৪২.০১.০০০০.৬৭৬.০৪.০৩৪.৯৮.৫৮২; তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৩ মূলে আগস্ট, ২০২৩ মাসের অগ্রগতি প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (ঘ) ডেটাবেইজ সফটওয়্যার তৈরির নিমিত্ত ৬টি প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত RFP এর Technical Proposal বিগত ০৬/০৭/২০২৩ তারিখে খোলা হয়েছে এবং RFP মূল্যায়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। (ঙ) মামলাসমূহের জেলাভিত্তিক তদারকি ও মনিটরিং নিশ্চিত করার জন্য জেলা পর্যায়ের ৪৭টি পওর/পানি উন্নয়ন বিভাগ হতে ফোকাল পয়েন্ট মনোনয়ন দেওয়া হয়েছে। (চ) পানি সম্পদ মন্ত্রণালয়- এর সিনিয়র সচিব/সচিব মহোদয় এবং বোর্ডের মহাপরিচালক মহোদয়সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের বিরুদ্ধে ১৪টি কনটেম্পট পিটিশন বিচারাধীন আছে। এ কনটেম্পট পিটিশনগুলোর মধ্যে ১৩টি আপাতত অকার্যকর রয়েছে এবং ০১টিতে এখনও পর্যন্ত রুল ইস্যু করা হয়নি। (ছ) জমির মালিকানা সংক্রান্ত মামলাগুলোর অধিকাংশের বিচারিক আদালত জেলা পর্যায়ের আদালতসমূহের নিয়ন্ত্রণাধীন। এ মামলাগুলোতে বোর্ডের সবার্চ স্বার্থ সংরক্ষণের জন্য কেন্দ্রীয়ভাবে আইন বিভাগ হতে তদারকির লক্ষ্যে বাপাউবো- এর আইন বিভাগকে (বর্তমান জনবল সংখ্যা মাত্র ৬জন) আইন পরিদপ্তরে উন্নীত করার প্রয়োজনীয়তা রয়েছে।

৫

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
					(জ) বোর্ডের আইন বিভাগকে যুগোপযোগী করার লক্ষ্যে জনবল বৃদ্ধি সংক্রান্ত সেটআপের প্রস্তাব করা হলো (সংযুক্তি-১১)। (ঝ) এ সম্পর্কিত প্রতিবেদন বোর্ডের মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়কে অবহিত করা হচ্ছে। (ঞ) মন্ত্রিপরিষদ বিভাগের পরিবীক্ষণ কমিটি কর্তৃক চিহ্নিত অতি গুরুত্বপূর্ণ মামলার তথ্য সংযুক্ত করা হলো (সংযুক্তি-১২)। (ট) কুয়াকাটাস্থ ধানসিড়ি পরিদর্শন বাংলোর আজিনায় অবস্থিত বোর্ডের নামে অধিগ্রহণকৃত ভূমির মধ্যে ১১ শতাংশ ভূমির বিষয়ে বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত, পটুয়াখালীতে দেওয়ানী মোকদ্দমা নং- ১৮৩/২০১৮ ও ভায়োলেশন মিস মোকদ্দমা নং- ০৯/২০১৯, জেলাজজ আদালত, পটুয়াখালীতে সিভিল রিভিশন নং- ২৮/২০২২ এবং মহামান্য আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (সিপিএলএ) নং- ৮৩/২০২২ চলমান রয়েছে। এ সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সিপিএলএ নং- ৮৩/২০২২ তালিকার শীর্ষে আনয়নের জন্য আগামী ৮/১০/২০২৩ তারিখে আদালত খোলার পর মহামান্য আপীল বিভাগে মেনশন করা হবে।
১৮.	সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য প্রদান।	সভায় সংস্থাসমূহের বিভাগীয় মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বাপাউবো এবং নগইর অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তাদের তদন্ত প্রতিবেদন প্রদানে দীর্ঘ সূত্রীতার বিষয়ে চাকরি প্রবিধানমালা অনুযায়ী জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, বিভাগীয় মামলার বিষয়ে হাইকোর্টে আপিল করা হলে সেগুলোর তথ্য আলাদাভাবে সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) বিভাগীয় মামলাসমূহের তদন্ত প্রতিবেদন প্রাপ্তি এবং চাকরি প্রবিধানমালা অনুযায়ী মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সকল কর্মকর্তা তদন্ত প্রতিবেদন প্রদানে যুক্তিসংগত কারণ ব্যতীত সময়াক্ষেপন করবেন তাদের ব্যাখ্যা তলব করতে হবে। (খ) বিভাগীয় মামলার বিষয়ে হাইকোর্টে আপিল করা হলে সেগুলোর তথ্য আলাদাভাবে সভায় উপস্থাপন করতে হবে।	সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম।	৩১ আগস্ট, ২০২৩ পর্যন্ত বাপাউবো'র চলমান বিভাগীয় মামলার সংখ্যা ২১ টি। সেপ্টেম্বর, ২০২৩ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা (-) ১ টি। সেপ্টেম্বর, ২০২৩ মাসে নতুন দায়েরকৃত মামলার সংখ্যা (+) ২ টি। অর্থাৎ বাপাউবো'র বিচারাধীন মোট চলমান বিভাগীয় মামলার সংখ্যা ২২ টি (সংযুক্তি-১৩)। তদন্তকারী কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন প্রদানে সর্বদা সচেতন থাকেন। বিভাগীয় মামলাসমূহ বাপাউবো কর্তৃক গঠিত তদন্ত কমিটি দ্বারা বিভাগীয় মামলার বিষয়ে নীতিমালা অনুসরণ করে তদন্ত প্রক্রিয়া চলমান আছে।

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
১৯.	উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর।	(ক) সভায় উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ি বিধিমোতাবেক দ্রুত টি. ও. এন্ড. ই তে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। (খ) সভায় বিগত অর্থ বছরের সমাপ্ত প্রকল্পের গাড়ী ও অফিস সরঞ্জামাদি যথাযথভাবে ব্যবহার/হস্তান্তরের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। (গ) সভায় গাড়ি, মোটরসাইকেলসহ সকল অস্থায়ী সম্পত্তি রেকর্ড অর্থাৎ Stor রেজিস্টার মেইনটেইন করার নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সভায় অচল গাড়িসমূহ নিলাম প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে একটি Condemnation কমিটি গঠন এবং উক্ত কমিটির সভা করে দ্রুত অচল গাড়িসমূহ নিলামের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধিমোতাবেক হস্তান্তর/দ্রুত টি.ও.এন্ড.ই তে অন্তর্ভুক্ত করার বিষয়ে বাপাউবো জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। (খ) বিগত অর্থ বছরে সমাপ্ত প্রকল্পসমূহে গাড়ি ও অফিস সরঞ্জামাদি আগামী ৩১/০৮/২০২৩ তারিখে যথাযথভাবে ব্যবহার/হস্তান্তরের অনুমতি গ্রহণের প্রমাণক আগামী সমন্বয় সভার পূর্বেই দাখিল করতে হবে। (গ) গাড়ি, মোটরসাইকেলসহ সকল অস্থায়ী সম্পত্তি রেকর্ড অর্থাৎ Stor রেজিস্টার মেইনটেইন করার নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) অচল গাড়িসমূহ নিলাম প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে একটি Condemnation কমিটি গঠন এবং উক্ত কমিটির সভা করে দ্রুত অচল গাড়িসমূহ নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা এবং সংশ্লিষ্ট উন্নয়ন শাখা, প্রশাসন-১ শাখা পাসম।	(খ) বিভাগীয় মামলার বিষয়ে হাইকোর্টে আপিল সংক্রান্ত তথ্য অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্তি-১৪)। (ক) প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধিমোতাবেক মাঠ দপ্তরসমূহের টি.ও.এন্ড.ই তে অন্তর্ভুক্তকরণের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য প্রশাসন-১ শাখা পাসম এর স্মারক নং- ৪২.০০.০০০০.০৩১.৯৯.১৮৭.১৭.৩২৮, তারিখঃ ১৯.১০.২০২২খ্রিঃ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের অন্তর্ভুক্ত গাড়ি এবং উন্নয়ন প্রকল্প হতে ক্রয়কৃত যানবাহনের তথ্যাদি একটি নির্দিষ্ট ছক (১৭ কলামযুক্ত) অনুসরণে প্রেরণের জন্য পাসম হতে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে পাসম প্রদত্ত ছক অনুসরণে বাপাউবো'র যানবাহনের (গাড়ীর) তথ্যাদি সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর হতে গত ২৮.১২.২০২২খ্রিঃ পাসমতে দাখিল করা হয়েছে। সর্বশেষ অনুমোদিত ১৯৮৫ সালের অনুমোদিত টিওএন্ডইকে ভিত্তি ধরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গাড়ির সংস্থান ৭৮৪টি। বর্তমানে বাপাউবো'র মোট গাড়ীর সংখ্যা-৫২৯টি। এর মধ্যে সচল গাড়ীর সংখ্যা- ৪৩৬টি, অচল গাড়ীর সংখ্যা-৯৩টি এবং বর্তমানে ক্রয়যোগ্য গাড়ীর সংখ্যা ২৫৫টি। ১৪/০৬/২০২৩খ্রিঃ তারিখে উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত ধরণ অনুযায়ী ৪৩৬টি গাড়ী বাপাউবো'র অনুমোদিত TO&E তে অন্তর্ভুক্তকরণ এবং বোর্ডের কাজে ব্যবহারের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র লেখা হয়েছে (সংযুক্তি-১৫)। এছাড়া ২৫/০৬/২০২৩খ্রিঃ তারিখে জরুরী কাজের স্বার্থে চলমান প্রকল্প হতে ক্রয়কৃত গাড়ীগুলো প্রকল্প শেষে বাপাউবো'র অনুমোদিত TO&E তে কম থাকা (৭৮৪ - ৫২৯) = ২৫৫টি গাড়ী অন্তর্ভুক্তকরণ/ব্যবহারের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র লেখা হয়েছে (সংযুক্তি-১৬)। এর প্রেক্ষিতে পানি সম্পদ

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
					মন্ত্রণালয় হতে স্মারক নং ৪২.০০.০০০.০৩১.২৬.০১৪.২২.৩৭৭, তারিখ ১০-০৭-২০২৩ খ্রিঃ মোতাবেক বাপাউবো'র অনুমোদিত টিওএন্ডই-তে কম থাকা ২৫৫টি গাড়ি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত গাড়ি হতে টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণ/ব্যবহারের অনুমতি প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-১৭)। (ঙ) বাপাউবো'র দপ্তরসমূহে বিদ্যমান মেরামত অযোগ্য অচল গাড়ীসমূহের নিলাম প্রক্রিয়া চলমান রাখার জন্য পাসম কর্তৃক গঠিত মোটরযান একেজো ঘোষণাকরণ কমিটির বহিঃ সদস্যগণকে মনোনীত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ০৫টি সংস্থা/অধিদপ্তরে ১৬-০৭-২০২৩ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-১৮)। এ পর্যন্ত ০৩টি সংস্থা (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ ও বি আর টি এ) হতে মনোনীত প্রতিনিধি পাওয়া গেছে। বাকি ০২টি প্রতিষ্ঠান (সরকারি যানবাহন অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর) হতে মনোনীত প্রতিনিধি পাওয়া গেলে কমিটির কার্যক্রম শুরু করা যাবে।
২০.	প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।	(ক) সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ সকল সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে। ওয়েবসাইট দ্রুততর সময়ের মধ্যে ন্যাশনাল ওয়েব পোর্টাল এর সাথে সংযুক্তসহ হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়। বিষয়টি যুগ্মসচিব (উন্নয়ন-১) মনিটরিং করবেন। (খ) সভায় সাইবার হুমকি মোকাবেলায় সকল সংস্থা/দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পিরিরডভিত্তিক সফটওয়্যার টেস্ট করার নির্দেশনা প্রদান করা হয়। (গ) সভায় সাইবার হুমকি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং প্রত্যেক দপ্তর/সংস্থায় Security Management Plan তৈরির নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) সভায় নতুন সফটওয়্যার তৈরির ক্ষেত্রে Bangladesh National Digital Architecture (BNDA) এর গাইডলাইন অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ সকল সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে। (খ) বাপাউবোর ওয়েবসাইট দ্রুততর সময়ের মধ্যে ন্যাশনাল ওয়েব পোর্টাল এর সাথে সংযুক্ত করতে হবে। (গ) ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়টি যুগ্মসচিব (উন্নয়ন-১) মনিটরিং করবেন। (ঘ) সাইবার হুমকি মোকাবেলায় সকল সংস্থা/দপ্তর পিরিরডভিত্তিক সফটওয়্যার টেস্ট করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং, যুগ্মসচিব (উন্নয়ন-১), পাসম।	(ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তথ্যাদির সঠিকতা নিশ্চিত করে বাপাউবো'র ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে প্রকাশ করা হচ্ছে। (খ) বাপাউবোর ওয়েবসাইট ন্যাশনাল ওয়েবপোর্টাল এর সাথে সংযুক্ত করার জন্য সেবাবক্সসমূহ নতুনভাবে তৈরি করা হয়েছে এবং বাপাউবো'র ওয়েবসাইট ন্যাশনাল ওয়েবপোর্টাল ও নিজস্ব দুইটিই চলমান আছে। (গ) ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। (ঘ) সাইবার হুমকি মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ডাটা সেন্টারে ব্যবহারিত সফটওয়্যার এর মধ্যে mail Server পিরিয়ড ভিত্তিক টেস্ট

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
			সাইবার হুমকি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং প্রত্যেক দপ্তর/সংস্থায় Security Management Plan তৈরী করতে হবে। নতুন সফটওয়্যার তৈরীর ক্ষেত্রে BNDA এর গাইডলাইন অনুসরণ করতে হবে।		করা হচ্ছে। বাকী সফটওয়্যারগুলো পর্যায়ক্রমে পিরিয়ড ভিত্তিক টেস্ট করা হবে। (ঙ) সাইবার হুমকি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০ জন কর্মকর্তাকে নভেম্বর ২০২২ তারিখে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড অতিশীঘ্রই Security Management Plan তৈরির উদ্যোগ করা হবে। (ঘ) কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর কর্তৃক তৈরিকৃত সফটওয়্যার সমূহ BNDA এর গাইডলাইন অনুসরণ করা হয়।
২১.	(ক) বিদ্যুৎ ও এসি ব্যবহার।	সভায় বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয় ও সকল সংস্থাকে সাশ্রয়ী হওয়ার পরামর্শ প্রদান করা হয়।	(ক) বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয় ও সকল সংস্থাকে সাশ্রয়ী হতে হবে এবং তুলনামূলক বিদ্যুৎ সাশ্রয়ের প্রমাণক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম।	সাশ্রয়ী আকারে বাপাউবোতে বিদ্যুৎ ও এসি ব্যবহার করা হচ্ছে। পানি ভবনে ব্যবহৃত বিদ্যুতের তুলনামূলক চিত্রের প্রতিবেদন অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্তি-১৯)।
	(খ) প্রকল্প সমাপ্তি।	সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্তি নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্তি নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম।	সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্তি নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। সেমতে জুন/২০২৩ এ ১৮টি উন্নয়ন প্রকল্প এবং ১৪টি সমীক্ষাধর্মী প্রকল্প সমাপ্ত হয়েছে।
	(গ) মাসিক সমন্বয় সভা ও অন্যান্য গুরুত্বপূর্ণ সভায় সংস্থা প্রধানগণের উপস্থিতি।	সভায় মাসিক সমন্বয় সভা ও অন্যান্য গুরুত্বপূর্ণ সভায় সংস্থা প্রধানগণকে উপস্থিত থাকার নির্দেশনা এবং প্রতিমাসের দ্বিতীয় রবিবার (ছুটির দিন থাকলে পরবর্তী কার্যদিবস) মাসিক সমন্বয় করা যেতে পারে মর্মে আলোচনা হয়।	(ক) মাসিক সমন্বয় সভা ও অন্যান্য গুরুত্বপূর্ণ সভায় সংস্থা প্রধানগণকে থাকতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত উক্ত সভাসমূহে প্রতিদিন প্রেরণ করা যাবে না। (খ) প্রতিমাসের দ্বিতীয় রবিবার (ছুটির দিন থাকলে পরবর্তী কার্যদিবস) মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে।	সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম।	
	(ঘ) বাপাউবোর জমি সংক্রান্ত তথ্য।	সভায় পানি উন্নয়ন বোর্ডের জেলাভিত্তিক জমি সংক্রান্ত তথ্য যাচাই করে নির্ধারিত ছক মোতাবেক প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়:	পানি উন্নয়ন বোর্ডের জেলাভিত্তিক জমি সংক্রান্ত তথ্য যাচাই করে ছক মোতাবেক প্রেরণ করতে হবে।	বাপাউবো।	মাঠদপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে পাসম হতে নির্দিষ্টকৃত ছকে পানি উন্নয়ন বোর্ডের জেলাভিত্তিক জমি সংক্রান্ত প্রতিবেদন অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্তি-২০)।


৬

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
	(ঙ) গৃহহীনদের গৃহ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের জন্য ভূমি পুনরুদ্ধার।	সভায় গৃহহীনদের গৃহ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের জন্য ভূমি পুনরুদ্ধার কার্যক্রম অব্যাহত রাখা এবং বাঁধের পাড়ের অব্যবহৃত খাস জমি উদ্ধার করে গৃহহীনদের গৃহ নির্মাণের জন্য হস্তান্তর এবং পানি উন্নয়ন বোর্ডের জেলাভিত্তিক মোট জমি, দখলে থাকা জমি, বেদখলকৃত জমি এবং উদ্ধারকৃত জমির তথ্য আগামী সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। প্রতি সমন্বয় সভায় জমি সংক্রান্ত তথ্য নির্ধারিত ছক মোতাবেক উপস্থাপন করতে হবে। সভায় মহাপরিচালক, বাপাউবোকে এ বিষয়ে তদারকি নিশ্চিত করণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) জেলাভিত্তিক পানি উন্নয়ন বোর্ডের মোট জমি, দখলে থাকা জমি, বেদখলকৃত জমি এবং উদ্ধারকৃত জমি এবং গৃহ নির্মাণের জন্য কী পরিমাণ জমি হস্তান্তর করা হয়েছে তা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং জেলা ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলায় পরিদর্শনের সময় গৃহ নির্মাণে প্রদেয় জমির তথ্য ঠিক আছে কিনা তা সরেজমিন যাচাই করবেন। মহাপরিচালক, বাপাউবোকে এ বিষয়ে তদারকি নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো।	ক) জেলাভিত্তিক পানি উন্নয়ন বোর্ডের মোট জমি, দখলে থাকা জমি, বেদখলকৃত জমি এবং উদ্ধারকৃত জমি এবং গৃহ নির্মাণের জন্য কী পরিমাণ জমি হস্তান্তর করা হয়েছে তা সংযোজিত ছকের আলোকে অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্তি-২১)।
	(চ) মন্ত্রণালয়ের অফিস পরিদর্শন।	সভায় সচিবালয় নির্দেশমালা মোতাবেক সকল কর্মকর্তা-কে শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়।	সচিবালয় নির্দেশমালা শাখা পরিদর্শন প্রতিবেদনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।	সকল কর্মকর্তা, পাসম।	
	(ছ) বাপাউবোর কর্মকর্তাদের অফিসিয়াল মোবাইল ফোন ব্যবহার।	সভায় বাপাউবোর সকল কর্মকর্তাগণের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের বিষয়টি কঠোরভাবে নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।	বাপাউবোর সকল কর্মকর্তাগণের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের বিষয়টি কঠোরভাবে নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রশাসন-২ শাখা পাসম।	(ক) বাপাউবোর সকল কর্মকর্তাগণের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের নির্দেশনা প্রদান করে গত ২১.০৪.২০২২খ্রিঃ মাঠ দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হয়েছে এবং সকল কর্মকর্তাগণ অফিসিয়াল মোবাইল নম্বর ব্যবহার করছেন।
	(জ) আইপি ক্যামেরা স্থাপন।	সভায় বাপাউবো'র গুরুত্বপূর্ণ প্রজেক্ট সাইট অফিসে আইপি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	বাপাউবো'র গুরুত্বপূর্ণ প্রজেক্ট সাইট অফিসে আইপি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। এ বছর বাপাউবো'র গুরুত্বপূর্ণ ৩টি প্রজেক্ট সাইট অফিসে আইপি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। বিগত বছরসমূহে যেসব প্রকল্পে আইপিও ক্যামেরা স্থাপনা করা হয়েছে সেই প্রকল্পগুলো সমাপ্ত হলে অন্য কোন গুরুত্বপূর্ণ প্রকল্পে উক্ত আইপিও ক্যামেরাসমূহ নতুন প্রকল্পে ব্যবহার করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রশাসন-২ শাখা পাসম।	(খ) ইতোমধ্যে ১৩টি প্রকল্প এলাকায় আইপি ক্যামেরা স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।


ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
	(ঝ) দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা (২০১৬-২০২৫)	সভায় জানানো হয় যে, ইতঃপূর্বে ডোনার প্রকল্প (JICA ফান্ড) এর মাধ্যমে কার্যক্রম সম্পাদিত হয়েছে। সম্প্রতি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিজ বাজেটে বনজ, ফলজ, ঔষুধি বৃক্ষ চারা বিতরন ও বাপাউবো এর পতিত জমিতে সবজি উৎপাদন করা হচ্ছে। সভায় এই কার্যক্রমসমূহ ২০২৩-২৪ অর্থবছরের পুষ্টি পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়।	সম্প্রতি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিজ বাজেটে বনজ, ফলজ, ঔষুধি বৃক্ষ চারা বিতরন ও বাপাউবো এর পতিত জমিতে সবজি উৎপাদন সংক্রান্ত কার্যক্রমসমূহ ২০২৩-২৪ অর্থবছরের পুষ্টি পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।	আরএমএন্ডপিআর।	
	(ঞ) Whatsapp গ্রুপে Active থাকা।	সভায় মন্ত্রণালয়ের Whatsapp গ্রুপে সকল কর্মকর্তাদের Active থাকার নির্দেশনা প্রদান করা হয়।	মন্ত্রণালয়ের Whatsapp গ্রুপে সকল কর্মকর্তাদের Active থাকতে হবে। কর্মকর্তাগণ অফিস চলাকালীন তাদের গতিবিধি Whatsapp গ্রুপে পোস্ট করবেন।	সকল কর্মকর্তা, পাসম।	
	(ট) উল্লেখযোগ্য কোন Innovation, বিদেশ ভ্রমণ কিংবা গুরুত্বপূর্ণ কোন বিষয়াদি থাকলে সভায় উপস্থাপন।	(ক) সভাপতি মন্ত্রণালয়ের/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কোন Innovation, বিদেশ ভ্রমণ কিংবা গুরুত্বপূর্ণ কোন বিষয়াদি থাকলে সমন্বয় সভায় তা উপস্থাপন করবে এবং আগামী সমন্বয় সভায় বাপাউবোর Online Attendance Management এবং Real time Display উপস্থাপন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রণালয়ের/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কোন Innovation, বিদেশ ভ্রমণ কিংবা গুরুত্বপূর্ণ কোন বিষয়াদি থাকলে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মন্ত্রণালয়/সকল সংস্থা।	গত ১২ ডিসেম্বর/২০২২ খ্রিঃ ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ এর জাতীয় পর্যায়ঃ কারিগরী-সরকারি (শ্রেষ্ঠ দল) ক্যাটাগরীতে বাপাউবো'তে Scheme Information Management System (SIMS) নামক সফটওয়্যার বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী পুরস্কার প্রদান করেছেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত নিম্নলিখিত সেবা/আইডিয়াগুলি বর্তমানে চালু/অব্যাহত আছে: ➤ সংসদীয় আসন অনুযায়ী বাপাউবোর কার্যক্রম ➤ ডিজিটাল পদ্ধতিতে বন্যার পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থা ➤ Online Recruitment Management System for BWDB ➤ Contract Information System of BWDB ➤ পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য-উপাত্ত সমূহ অটোমেশন পদ্ধতিতে প্রদান এবং Online Payment Gateway Service System এর মাধ্যমে ফি পরিশোধ,

৩৮

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
					➤ WMO Registration Management System ➤ Irrigation Management System ➤ নদ-নদীর পানির হ্রাস বৃদ্ধি, বৃষ্টিপাত ইত্যাদির তথ্য স্বয়ংক্রিয়ভাবে সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও অনলাইনে প্রকাশকরণ ➤ SMS Management System ➤ Online Payment Gateway ➤ Geographic Information System (GIS) Based Digital Land Information System on BWDB Acquired Land in Dhaka City and its surrounding ➤ বীধের ভেতরে টিউবের ব্যবহার উক্ত সেবাগুলি বাস্তবায়ন করা হচ্ছে, ক্ষেত্রবিশেষে পাইলটিং করা হয়েছে। উক্ত সেবাগুলি বাস্তবায়ন অব্যাহত রাখার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিয়মিত মনিটরিং করছে এবং তৎসংশ্লিষ্ট সভা নিয়মিত ভিত্তিতে আয়োজন করা হচ্ছে।


০৪/০৮/২০

(মোঃ মাসুদুল হক)
পরিচিতি নং-৯০০১০১০০৯
নিবাহী প্রকৌশলী (চঃ দাঃ)
প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর
রাপাউবো, ঢাকা।


০৪/০৮/২০

(মোঃ রফিকুল ইসলাম চৌধুরী)
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং
রাপাউবো, ঢাকা।